দৈনিক বাংলা

তারিখ 19 FEB 1987
পৃষ্ঠা 6 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

040

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

এস ১২/১-৭/৮৭/১২২(১০০)-ইডিএন

তারিখঃ ১৬-২-১৯৮৭ ইং
৪-১১-১৩৯৩ বাংলা

## বিষয় ঃ পোস্ট-গ্রাজুয়েট পর্যায়ে ১৯৮৭-৮৮ সালের জন্য ইউএসএসআর-এর বৃত্তি

নিম্নবর্ণিত বিষয়ে পোস্টগ্রাজুয়েট পর্যায়ে ১৯৮৭-৮৮ সনে ইউএসআর বৃত্তির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচেছ ঃ

| বিষয় | নিম্নতম যোগ্যতা |
|---|---|
| পেডাগগি (টিচার ট্রেনিং) | শিক্ষা বিষয়ে ১ম শ্রেণী মাস্টার্স ডিগ্রি এবং অবশিষ্ট পরীক্ষায় অন্ততপক্ষে ২য় শ্রেণী/বিভাগ/কোন অবস্থাতেই কোন তৃতীয় বিভাগ নেয়া হবে না। |
| মেডিসিন | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ এমবিবিএস। |
| সিভিল ইঞ্জিনীয়ারিং<br>মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং<br>ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং<br>কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং<br>আর্কিটেকচার | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর বিএসসি ডিগ্রি। |
| ইলেকট্রনিকস এগ্রোনমী<br>ভ্যাটেরিনারি সায়েন্স,<br>ফিশারিজ কেমিস্ট্রি<br>ফিজিকস জিওগ্রাফী | অন্ততপক্ষে ৩টি ১ম শ্রেণীসহ মাস্টার্স ডিগ্রি এবং কোন অবস্থাতেই কোন তৃতীয় শ্রেণী নেয়া হবে না। |

২। অন্যান্য যাবতীয় খরচ সোভিয়েট রাশিয়ান সরকার কর্তৃক বহন করা হবে বিধায় বাংলাদেশ থেকে সোভিয়েট রাশিয়া পর্যন্ত যাওয়ার বিমান ভাড়া চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিজেদেরকে বহন করতে হবে। সোভিয়েট রাশিয়াতে সফলতার সঙ্গে শিক্ষা সমাপনান্তে সোভিয়েট রাশিয়া থেকে বাংলাদেশে চলে আসার বিমান ভাড়া সোভিয়েট কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে। আবেদনকারীর আইনানুগ অভিভাবকের কাছ থেকে এ মর্মে একটি অঙ্গীকারপত্র গ্রহণ করতে হবে যে তিনি/তিনি (স্ত্রী) অথবা তাঁর/তাঁর (স্ত্রী) অভিভাবক পরবর্তী বিমান ভ্রমণের খরচ বহন করবেন এবং উহা দরখাস্তের সাথে সন্নিবেশিত করে দিতে হবে।

৩। চাকরিরত ব্যক্তিদেরকে অবশ্যই যথোপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। যেসব ব্যক্তি বিদেশী বৃত্তি ভোগ করেছেন এবং বিদেশ থেকে শিক্ষাগত ডিগ্রি গ্রহণ করেছেন কিন্তু বিদেশ থেকে ফিরে এসে বাংলাদেশে ৫-বছর চাকরির/অবস্থানের নিম্নতম মেয়াদ এখনও পূরণ করেননি তারা আবেদন করার যোগ্য নহেন। আবেদনকারীর বয়স অবশ্যই ১-১-৮৭ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

৫। সার্টিফিকেট/মার্কশীটের দুইটি সত্যায়িত কপি, প্রশংসাপত্র প্রভৃতিসহ নিম্নোক্ত বিবরণ উল্লেখপূর্বক সাদা কাগজে দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ২৮-২-৮৭ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনকারিগণ তাদের দরখাস্ত অভ্যর্থনা কক্ষ, ২য় গেট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ঠিকানায় রক্ষিত কাঠের বাক্সেও দাখিল করতে পারবেন।

৬। মিথ্যা মার্কশীটসহ মিথ্যা তথ্য দাখিলকারী প্রার্থীকে ফৌজদারী বিধির ব্যবস্থা অনুসারে অভিযুক্ত করা হবে।

**পোস্ট-গ্রাজুয়েট পর্যায়ে ইউএসএসআর বৃত্তি ১৯৮৭-৮৮-এর জন্য দরখাস্তের ফরম**

১। নাম (বড় অক্ষরে) ঃ

২। পিতার/স্বামীর নাম ঃ

৩। (ক) জন্ম তারিখ ঃ
(খ) ১-১-৮৭ তারিখে সঠিক বয়স ঃ

৪। টেলিগ্রাম অফিস এবং টেলিফোন ঃ
নম্বরসহ (যদি থাকে) ডাক ঠিকানা

৫। স্থায়ী ঠিকানা ঃ

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পাস করা পরীক্ষা | পাস করার সাল | বিভাগ/শ্রেণী | অবস্থান | গড়ে শতকরা নম্বর |
|---|---|---|---|---|

৭। পদমর্যাদাসহ তিনি/তিনি (স্ত্রী) যে প্রতিষ্ঠানে চাকরি করছেন উহার নাম (যেখানে প্রযোজ্য) ঃ

৮। অভিজ্ঞতা (যেখানে প্রযোজ্য)

| যে পদে আছেন (শুরু থেকে বর্তমান পর্যন্ত) | ঠিকানাসহ প্রতিষ্ঠানের নাম | চাকরির মেয়াদ থেকে/পর্যন্ত | চাকরির মোট সময় |
|---|---|---|---|

৯। যে বিষয়ের জন্য আবেদন করছেন ঃ

১০। তারিখসহ আবেদনকারীর স্বাক্ষর ঃ

স্বাঃ/—টি সি চাকমা
সিনিয়র সহকারী সচিব।

ডিএফপি(স)—৪৬৬৯(২)১৭/২ ডি—৬২৮